

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০।

নম্বর-৪৮.০২.০০০০.০১৪.১৮.০০১.২০২২-৬৫

তারিখঃ ২১ মাঘ ১৪৩১
০৪ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়: “বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন (১ম সংশোধন)” শীর্ষক প্রকল্পের অধীন গবেষণা প্রতিবেদন পর্যালোচনা কমিটি গঠন।

সূত্র: ৯৩তম জামুকার সভার সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২১ জানুয়ারি ২০২৫ তারিখ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ৯৩তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন “বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন” শীর্ষক প্রকল্পের আওতায় গৃহীত ১৩টি গবেষণা প্রতিবেদন, মুক্তিযুদ্ধের চেতনা সম্বলিত ক্রয় ও বিতরণকৃত বই, প্রকল্পের ব্যয়সমূহ পর্যালোচনা এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ০৩টি গবেষণা প্রতিবেদন পর্যালোচনা করে সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে একটি পর্যালোচনা কমিটি গঠন করা হল:

| ক্র:নং | সদস্যগণের নাম | পদবি |
|--------|--|-------------|
| ০১। | জনাব হাবিবুল আলম, বীর প্রতীক, সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। | সমন্বয়ক |
| ০২। | মেজর (অব.) কাইয়ুম খান, সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। | সহ-সমন্বয়ক |
| ০৩। | প্রফেসর সলিমুল্লাহ খান, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ। | সদস্য |
| ০৪। | জনাব আলী আহমেদ জিয়া উদ্দিন, বীরপ্রতীক। | সদস্য |
| ০৫। | অধ্যাপক কায়সার হামিদুল হক, সাবেক অধ্যাপক, ইংরেজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | সদস্য |
| ০৬। | অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক, সভাপতি, বাংলা একাডেমী। | সদস্য |
| ০৭। | জনাব আফসান চৌধুরী, গবেষক, কলাম লেখক, প্রফেসর ইতিহাস বিভাগ, ব্রাক বিশ্ববিদ্যালয়। | সদস্য |
| ০৮। | জনাব শাহিনা খাতুন, বিপিএ, মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি:

- (ক) গৃহীত গবেষণা প্রতিবেদনসমূহ ঐতিহাসিকভাবে বস্তুনিষ্ঠ ও নির্মোহ হয়েছে কিনা তা পর্যালোচনা করে সুপারিশ প্রদান;
(খ) প্রকল্পের অধীনে ক্রয়কৃত এবং বিতরণকৃত বইসমূহ পর্যালোচনা করে প্রত্যাহারযোগ্য বইয়ের তালিকা প্রদান; এবং
(গ) কমিটি প্রয়োজনে প্রকল্পের সকল কম্পোনেন্ট, আর্থিক খরচাদি, সম্পাদিত চুক্তিপত্রসমূহ পর্যালোচনা করে সুপারিশ/প্রতিবেদন প্রদান করবেন।


(শাহিনা খাতুন, বিপিএ)

অতিরিক্ত সচিব
মহাপরিচালক

ফোনঃ ০২-৫৮৩১৩৪০৬


ই-মেইল-dg@jamuka.gov.bd

বিতরণ:

- ০১। জনাব হাবিবুল আলম, বীর প্রতীক, সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, ইম্পেরিয়াল গ্লোরি, বাড়ী নম্বর-২১, এ্যাপার্টমেন্ট- ৪ডি, রোড নম্বর-১৬, ব্লক-বি, বনানী, ঢাকা-১২১৩।
০২। মেজর (অব.) কাইয়ুম খান, সদস্য, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, বাড়ী নম্বর-২৬, রোড নম্বর-৩৪, ফ্ল্যাট নম্বর- সি/২, গুলশান, ঢাকা-১২১২।
০৩। প্রফেসর সলিমুল্লাহ খান, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ।
০৪। জনাব আলী আহমেদ জিয়া উদ্দিন, বীরপ্রতীক।
০৫। অধ্যাপক কায়সার হামিদুল হক, সাবেক অধ্যাপক, ইংরেজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
০৬। অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক, সভাপতি, বাংলা একাডেমী।
০৭। জনাব আফসান চৌধুরী, গবেষক, কলাম লেখক, প্রফেসর ইতিহাস বিভাগ, ব্রাক বিশ্ববিদ্যালয়।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক, “বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন” শীর্ষক প্রকল্প, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল।
- ০৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। উপপরিচালক (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ০৬। সহকারী পরিচালক (সকল), জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। অফিস কপি/মাষ্টার ফাইল।


৪/২/২৫
(শাহিনা খাতুন, বিপিএএ)
মহাপরিচালক